



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
(আইসিটি শাখা)
www.naogaon.gov.bd



স্মারক নং-০৫.৪৩.৬৪০০.১২০.০২.০২০.২১-১৫২

তারিখঃ ০৮/১২/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ “ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১” উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণের আমন্ত্রণপত্র।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশের সাফল্য ও অর্জন জনগণের নিকট উপস্থাপন, তথ্যপ্রযুক্তি ব্যবহারে সচেতনতা বৃদ্ধি, তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন ভবিষ্যৎ প্রজন্ম সৃষ্টি, আইসিটি শিল্প বিকাশে গবেষণা ও উদ্ভাবনে উদ্বুদ্ধকরণ, ডিজিটাল সক্ষমতা উন্নয়ন এবং তথ্যপ্রযুক্তি খাতে অনন্য অবদানের জন্য স্বীকৃতি প্রদানের লক্ষ্যে প্রতিবছরের ন্যায় আইসিটি বিভাগের উদ্যোগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০২১ তারিখে দেশব্যাপী ও আন্তর্জাতিকভাবে ৫ম “ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১” উদযাপন করা হবে। এ লক্ষ্যে “ডিজিটাল বাংলাদেশের অর্জন, উপকৃত সকল জনগণ” প্রতিপাদ্যের উপর ভিত্তি করে দিনটি যথাযোগ্য মর্যাদায় ও উৎসবমুখরভাবে জেলা প্রশাসন, নওগাঁ কর্তৃক “অনুপ্রেরণার বাতিঘর” প্রাঙ্গণে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পাঞ্জলি অর্পন এবং জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে সেমিনার আয়োজনের মাধ্যমে উদযাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা জনাব সাধন চন্দ্র মজুমদার এম.পি, মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

২। এমতাবস্থায়, আগামী ১২ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখে “অনুপ্রেরণার বাতিঘর” প্রাঙ্গণে সকাল ৯.০০ টায় স্বাস্থ্যবিধি মেনে “ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১” উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ হারুন-অর-রশীদ)

জেলা প্রশাসক

নওগাঁ।

দূরালোপনীঃ +৮৮-০৭৪১-৬২৫২৩ (দপ্তর)

+৮৮-০৭৪১-৬২৪২২ (বাংলা)

ই-মেইলঃ dcnaogaon@mopa.gov.bd

.....
.....
.....